

109343 - যদি কেউ তাওয়াফের মধ্যে সন্দেহে পড়ে যায় সে কি সাহু সেজদা দিবে?

প্রশ্ন

যদি কোন ব্যক্তি তাওয়াফের মধ্যে সন্দেহে পড়ে যায় সে কি সাহু সেজদা দিবে; এই বিবেচনা থেকে যে, বায়তুল্লাহকে তাওয়াফ করা নামাযতুল্য?

প্রিয় উত্তর

“সে ব্যক্তি সিজদা দিবে না। কেননা তাওয়াফের মধ্যে সিজদা দিয়ে আল্লাহর ইবাদত করা নেই। যদি মূল ইবাদতের মধ্যেই সিজদা না থাকে; তাহলে সন্দেহের ক্ষেত্রে কিভাবে?! যেটির মূল ইবাদতেই সিজদা নেই সেটির ভুলকে কিভাবে সিজদা দিয়ে শোধরানো হবে?”[মাজমুউ ফাতাওয়া ইবনে উছাইমীন (২২/৩৪৭)]